

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৭২

পর্ব-৯: দু'আ (তাএভানা)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - আল্লাহ সুবহানাহূ ওয়াতা আলার জিকির ও তাঁর নৈকট্য লাভ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ قَعَدَ مَقْعَدًا لَمْ يَذْكُرِ اللَّهَ فِيهِ كَانَ عَلَيْهِ مِنَ اللَّهِ تِرَةٌ وَمَنِ اضْطَجَعَ مَضْجَعًا لَا يذكر الله فِيهِ كَانَ عَلَيْهِ مِنَ اللَّهِ تِرَةٌ وَمَنِ اضْطَجَعَ مَضْجَعًا لَا يذكر الله فِيهِ كَانَ عَلَيْهِ مِنَ اللَّهِ تِرَةٌ» . رَوَاهُ أَبُو دَاؤُدَ

বাংলা

২২৭২-[১২] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোন জায়গায় বসেছে, আর সেখানে আল্লাহর জিকির করেনি, আল্লাহর হুকুম অনুযায়ী সে বৈঠক তার জন্য ক্ষতির কারণ হয়েছে। অনুরূপভাবে যে ব্যক্তি বিছানায় শুয়েছে অথচ আল্লাহর জিকির করেনি, আল্লাহর হুকুম অনুযায়ী তা তার জন্য ক্ষতির কারণ হবে। (আবৃ দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান সহীহ : আবূ দাউদ ৪৮৫৬, সহীহাহ্ ৭৮, সহীহ আল জামি' ৬৪৭৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (تِرَةٌ) শব্দটি تاء শব্দে যের এবং راء শব্দে সাকিন দিয়ে পড়তে হয় যার অর্থ হলো (حسرة) তথা পেরেশানী, এ শব্দের একটি অর্থ হলো কম করা, যেমন : আল্লাহ বলেন, لَنْ يَتِرَكُمْ أَعْمَالُكُم অর্থাৎ- "আল্লাহ তোমাদের 'আমলে কোন অসম্পূর্ণতা করবেন না।" (সূরা মুহাম্মাদ ৪৭ : ৩৫)

ইমাম জায়ী (রহঃ) বলেন, (أصل الترة، النقص) তথা تِرَةٌ শব্দের মূল অর্থ হলো অসম্পূর্ণতা তবে অত্র হাদীসে এর অর্থ হলো পরিণাম তবে এর অর্থ অন্য রিওয়ায়াতে حسرة তথা পেরেশানীও বর্ণিত হয়েছে।

অত্র হাদীসটিতে দু'টি স্থান উল্লেখ করে সব স্থানকে বুঝানো উদ্দেশ্য যেমনঃ সকাল-সন্ধ্যা বলতে সমস্ত সময়কে বুঝানো হয়। অর্থাৎ- যে ব্যক্তি যে কোন স্থানে যে কোন সময়ে উঠতে, বসতে, শুতে, ঘুমাতে কোন সময়ে জিকির



করতে পারল না তার জন্য অপমান ও লাঞ্ছনা অপেক্ষা করছে সে প্রচুর সাওয়াব থেকে বঞ্চিত হয়ে যাবে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন